

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাঁশখালী, চট্টগ্রাম।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, দৈনিক ভিত্তিক বেতন	পদের সংখ্যা	যোগ্যতা	মন্তব্য
১	সঙ্গীত শিক্ষক দৈনিক ভিত্তিতে ৫০০/- (সপ্তাহে ১দিন)	১(তিন)টি	এস.এস.সি পাস এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও, টিভির তালিকাভুক্ত শিল্পী। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	বাহারছড়া ইউনিয়নে পদায়ন করা হবে।
২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিতে ৫০০/- (সপ্তাহে ১দিন)	৯(নয়)টি	এস.এস.সি পাস এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	বাঁশখালী উপজেলার পুকুরিয়া, সাধনপুর, খানখানাবাদ, কালীপুর, কাথরিয়া, সরল, গন্ডামারা, শেখেরখীল, ইউনিয়ন সমূহে পদায়ন করা হবে।

শর্তাবলী :

- ১। প্রার্থীকে আগামী ১৭/০৯/২০২৩ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম বরাবর লিখিত আবেদন করতে হবে।
- ২। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। আবেদনকারীর বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। নির্ধারিত বয়স সীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিল করা হবে।
- ৪। আবেদন পত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রসিন ছবি এবং চাহিত সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র প্রথম শ্রেণির সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৫। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র এবং অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না।
- ৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ৯। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে।
- ১০। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, ইউনিয়ন উল্লেখ করতে হবে।
- ১১। সরকার নির্ধারিত কোটার (শহীদ মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধাদের সন্তানের সন্তান/এতিম, শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ১২। বর্ণিত নিয়োগ ও চাকুরী সংক্রান্ত যে কোন বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

জেসমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি

“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প
বাঁশখালী, চট্টগ্রাম।